**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ কমলাসাগরের কসবেশ্বরী কালী মন্দির ও খয়েরপুরের চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গনে নতুন পরিকাঠামোর শিলান্যাস করেন।**

**(২) প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ প্রাণিসম্পদ বীমা প্রকল্পের উদ্বোধন করেন ।**

**(৩) ভারত ও মালদ্বীপ আজ বেশ কয়েকটি চুক্তি বিনিময় করেছে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ আনুষ্ঠানিক উদ্বোধন হলো ।**

**********************************************

**CM-Kamalasagar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ কমলাসাগরের কসবেশ্বরী কালী মন্দির ও খয়েরপুরের চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গনে নতুন পরিকাঠামোর শিলান্যাস করেন। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের অর্থানুকূল্যে এই দুটি প্রকল্প বাস্তবায়নে ব্যয় হবে ৩১ কোটি টাকারও বেশি। কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার পর্যটন ক্ষেত্রে নানাবিধ উন্নয়নের মাধ্যমে যুব সমাজের কর্মসংস্থানের পাশাপাশি রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করছে। তিনি আগামীদিনে রাজ্যে পর্যটন পরিকাঠামো সম্প্রসারণের বিষয়ে সরকারের পরিকল্পনা বিস্তারিত উল্লেখ করেন।

#####Byte-CM####

পযটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বর্তমানে রাজ্যে পর্যটনের বিকাশে যে সমস্ত প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে তা উল্লেখ করে বলেন, পর্যটনে রাজ্যকে দেশের মধ্যে শ্রেষ্ঠ স্থানে নিয়ে যাওয়ার জন্য রাজ্য সরকার কাজ করছে।

######Byte- Sushant Chowdhury######

মুখমন্ত্রী চতুর্দশ দেবতা মন্দিরের পর্যটন উন্নয়ন পরিকাঠামোর ভার্চুয়ালভাবে শিলান্যাস করেন। চতুর্দশ দেবতা মন্দিরে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী। কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব।

******************************

**Livestock Insurance :**

প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলার প্রজ্ঞা ভবনে প্রাণিসম্পদ বীমা প্রকল্পের উদ্বোধন করেন। তিনি বলেন, অনাকাঙ্ক্ষিত ক্ষতির হাত থেকে প্রাণিসম্পদকে রক্ষা করা ও প্রাণী পালকদের জীবিকাকে সুরক্ষিত করতে এই বীমা প্রকল্প চালু করা হয়েছে। তিনি বলেন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে রাজ্যের গ্রামীণ এলাকার কৃষি ও প্রাণীপালন, মৎস্য চাষ ইত্যাদি ক্ষেত্রে আর্থিক উন্নয়নের উপর সরকার সবচেয়ে বেশি গুরুত্ব দেয়। তিনি বলেন ভারত সরকারের ন্যাশনাল লাইভস্টক মিশনের আওতায় এই সরলীকৃত প্রাণিসম্পদ বীমা প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে কৃষকদের জন্য কিস্তির হার মাত্র ১৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। বাকি ৮৫ শতাংশ ব্যয় কেন্দ্র ও রাজ্য সরকার ৯০ অনুপাত ১০ হিসেবে ভাগ করে বহন করবে। এই প্রকল্পে দেশি ও সংকর জাতের দুগ্ধদানকারী গরু, মহিষ, ছাগল, ভেড়া এবং শূকর অন্তর্ভুক্ত রয়েছে। ত্রিপুরা প্রাণিসম্পদ বিকাশ দপ্তর রাজ্যব্যাপী এই প্রকল্প বাস্তবায়ন করবে অ্যাগ্রিকালচার ইন্স্যুরেন্স কোম্পানি অফ ইন্ডিয়ার সহযোগিতায়। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে এই প্রকল্পের জন্য ২৯১৩ লক্ষ ৬৬ হাজার টাকা অনুমোদন দিয়েছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন দপ্তরের অধিকর্তা ড. নীরজ কুমার চঞ্চল। বক্তব্য রাখেন পশ্চিম

জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, সচিব দীপা ডি. নায়ার। অনুষ্ঠানের রাজ্যের ছয়জন প্রাণিপালককে বীমা নীতি সনদ প্রদান করে সংবর্ধনা জানানো হয়।

***************************

**Package Story-PM-Kusum :**

প্রধানমন্ত্রী কিষান উর্জা সুরক্ষা এবং উত্থান মহাঅভিযান বা পি এম কুসুম প্রকল্প। সারা দেশে এই প্রকল্প রূপায়ণের মাধ্যমে সৌর এবং অন্য পুনর্নবীকরণযোগ্য শক্তি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কৃষি ক্ষেত্রে নতুন ভরসা যোগাচ্ছে। ২০১৯ এর ৮ই মার্চ থেকে পথ চলা শুরু এই বহু উদ্দেশ্য সাধক প্রকল্পটির। একটি প্রতিবেদন।

#######VC#######

*************************

**SP-Unakoti :**

ঊনকোটি জেলা প্রশাসন প্রবর্তিত বিশেষ উদ্যোগ সম্পর্কের আওতাধীন এক মতবিনিময় সভা আজ কৈলাশহরের পি. এমশ্রী ভগবাননগর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। "গাঁও আপনাও বদলাও লাও" এই ভাবনায় আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাম্বিকা আর। তিনি বলেন, ভারতকে জানতে হবে, দেশকে ভালোবাসতে হবে। তিনি বাল্যবিবাহ প্রতিরোধে ও নেশার বিরুদ্ধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিকাশ মালাকার প্রমুখ।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Maldives :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জুর মধ্যে মালেতে প্রতিনিধি পর্যায়ের আলোচনার পর ভারত ও মালদ্বীপ আজ বেশ কয়েকটি চুক্তি বিনিময় করেছে। আলোচনার পর এক প্রেস বিবৃতিতে প্রধানমন্ত্রী মোদী স্বাধীনতার ঐতিহাসিক ৬০তম বার্ষিকীতে রাষ্ট্রপতি এবং মালদ্বীপের জনগণকে অভিনন্দন জানিয়েছেন।

এর আগে, মালেতে রিপাবলিক স্কোয়ারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে গার্ড অফ অনার প্রদান করা হয়। মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জু শ্রী মোদীর সঙ্গে ছিলেন। শ্রী মোদীকে ২১ তোপধ্বনির অভিবাদন জানানো হয়। একটি স্বাগত অনুষ্ঠানে মালদ্বীপের শিশুরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। প্রধানমন্ত্রী মালদ্বীপের কিছু প্রতিনিধির সঙ্গে দেখা করেন, অন্যদিকে শ্রী মুইজ্জু বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল, বিদেশ সচিব বিক্রম মিস্রি এবং অন্যান্য ভারতীয় কর্মকর্তাদের সঙ্গে দেখা করেন। পরে প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি ভবনে একটি দর্শনার্থী বইতে স্বাক্ষর করেন।

প্রধানমন্ত্রী তাঁর দুই দেশের সফরের দ্বিতীয় পর্যায়ে মালদ্বীপের রাজধানী মালেতে পৌঁছেছেন। এটি প্রধানমন্ত্রীর মালদ্বীপে তৃতীয় সফর। মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জু বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান।

রাষ্ট্রপতি মুইজ্জুর এই মনোভাব প্রধানমন্ত্রীকে গভীরভাবে অভিভূত করেছে। তিনি বলেন যে, ভারত-মালদ্বীপের বন্ধুত্ব আগামী দিনে অগ্রগতির নতুন উচ্চতায় পৌঁছাবে।

######Byte-PM#####

********************************

**VBKSA :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে, প্রথমবারের মতো, বিকশিত কৃষি সংকল্প অভিযানের আওতায় দুই হাজারেরও বেশি বিজ্ঞানী সাত হাজার ৯০০টিরও বেশি গ্রাম পরিদর্শন করেছে। রাজ্যসভায় এক প্রশ্নের উত্তরে, শ্রী চৌহান বলেন যে বিজ্ঞানীরা প্রতিটি গ্রামের কৃষি-জলবায়ু পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করেছেন। তিনি বলেন, এছাড়াও, কৃষকদের মাটির পুষ্টি উপাদান, উপযুক্ত বীজের জাত এবং চাষের জন্য ফসল চাষের কৌশল সম্পর্কে সচেতন করা হয়েছে।

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গর্ভ বা নমো অ্যাপে আজ পর্যন্ত মতামত জানানো যাবে।

***************************

**Health Officer's Association :**

আগরতলার নজরুল কলাক্ষেত্রে আজ অল ত্রিপুরা কমিউনিটি হেলথ অফিসার অ্যাসোসিয়েশনের রাজ্যস্তরীর সম্মেলন ও এ উপলক্ষে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন কমিউনিটি হেলথ অফিসারদের আত্মত্যাগ ও নিষ্ঠা সমাজকল্যাণের মানসিকতার এক দৃঢ় প্রতিফলন। তিনি বলেন তাদের এই মানবিক উদ্যোগ নিঃসন্দেহে সমাজে এক ইতিবাচক পরিবর্তনের বার্তা বহন করে। তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস বলেন রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোকে আরও দৃঢ় ও অন্তর্ভুক্তিমূলক করে তুলতে অবিচল ভাবে কাজ করে চলেছে। সবার জন্য স্বাস্থ্য, সবার পাশে সরকারই প্রাথমিক লক্ষ্য বলে তিনি জানান। রক্তদান সম্পর্কে মন্ত্রী বিকাশ দেব্বর্মা বলেন রক্তদান একজন মানুষের জীবন বাঁচানোর প্রতিশ্রুতি, মানবতার নিদর্শন।

অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় ও সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়াও উপস্থিত ছিলেন। আজ শিবিরে ৫০জন রক্তদান করেন।

*************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ আনুষ্ঠানিক উদ্বোধন হলো। উমাকান্ত মিনি স্টেডিয়ামে রাজ্যের প্রাক্তন ফুটবলার রূপক মজুমদার এই আসরের উদ্বোধন করেন। অতিথি হিসেবে মাঠে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় সহ রাজ্য ফুটবল সংস্থার কর্মকর্তারা। মোট ১০টি ক্লাব এই আসরে অংশ নিয়েছে। উদ্বোধনের পর এগিয়ে চলো সংঘ ও কল্যান সমিতি খেলা শেষ খবর পর্যন্ত চলছে।

*************************

**Legendary Derby :**

ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন এবং কলকাতার স্রাচি স্পোর্টস গ্রুপের যৌথ উদ্যোগে আগামী ১৭ই আগস্ট উমাকান্ত মিনি স্টেডিয়ামে লিজেন্ডারি ডার্বি ফুটবল ম্যাচ হবে। এতে প্রতিদ্বন্দ্বিতা করবে কলকাতার দুই বড় দল ইস্টবেঙ্গল এবং মোহনবাগানের প্রাক্তন ফুটবলাররা। শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এখবর জানানো হয়।

পাশাপাশি আরো জানানো হয়েছে, আগামীকাল কলকাতা লীগের ইস্টবেঙ্গল ও মোহনবাগানের ডার্বি ম্যাচটি রূপসী সিনেমা হলে সরাসরি দেখানো হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পেট্রন রতন সাহা, সভাপতি প্রনব সরকার, সহ-সভাপতি রূপক সাহা, সচিব অমিত চৌধুরী, ভারতীয় দলের প্রাক্তন দুই ফুটবলার সৈয়দ রহিম নবী, অলভিডো ডি-কোনহা।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪. ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ১০০ শতাংশ এবং সর্বনিম্ন ৭৩ শতাংশ।

***************************